রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মার্চ ১৯, ২০২৪**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/১৮ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও.নং ৬২-আইন/২০২৪।**—নির্বাচন কমিশন, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর উপ-ধারা (৩), ধারা ২০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর দফা (৪) এর পর নিম্নরূপ দফা (৪ক) সন্নিবেশিত হইবে, যথা:—

“(৪ক) “**জনসংযোগ**” অর্থ উপজেলা পরিষদ নির্বাচনের উদ্দেশ্যে, কোন প্রার্থী কর্তৃক সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটারদের সহিত যোগাযোগ, সাক্ষাত বা পরিচিত হওয়া;”;

(২) বিধি ৩ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “সকল নির্বাহী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশ দিতে পারিবে এবং অনুরূপভাবে নির্দেশিত হইলে, সেই কর্তৃপক্ষ” শব্দগুলি ও কমার পরিবর্তে “যে কোন ব্যক্তি বা নির্বাহী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিতে পারিবে এবং অনুরূপভাবে নির্দেশিত হইলে, উক্ত ব্যক্তি বা নির্বাহী কর্তৃপক্ষ” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;



মূল্য : টাকা ২০.০০

(৩) বিধি ৯ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "নির্বাচনের সময়" শব্দগুলির পরিবর্তে "তফসিল ঘোষণার দিন হইতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের পর ১৫ (পনেরো) দিন সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ১৩ এর উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন, উক্ত উপ-বিধির অধীন কমিশন কর্তৃক নির্বাচন সংক্রান্ত মনোনয়নপত্র দাখিলের তারিখ, বাছাইয়ের তারিখ, প্রার্থিতা প্রত্যাহারের তারিখ ও ভোট গ্রহণের তারিখ নির্ধারণ করিয়া নির্বাচনের তফসিল ঘোষণার পর, বিশেষ প্রয়োজনে, কমিশন উক্ত তফসিলে উল্লিখিত নির্বাচনি প্রক্রিয়ার সহিত সংশ্লিষ্ট বিভিন্ন ধাপের জন্য নির্ধারিত তারিখ ও পদ্ধতি সংশোধন কিংবা, ক্ষেত্রমত, উহা বাতিলপূর্বক নূতন তফসিল ও পদ্ধতি ঘোষণাক্রমে নির্বাচন সংক্রান্ত মনোনয়নপত্র দাখিলের তারিখ, বাছাইয়ের তারিখ, প্রার্থিতা প্রত্যাহারের তারিখ ও ভোটগ্রহণের তারিখ ইত্যাদি নির্ধারণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত ক্ষেত্রে কমিশন কর্তৃক ঘোষিত পূর্বের নির্বাচন তফসিল অনুযায়ী দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ পরবর্তীতে ঘোষিত নির্বাচন তফসিল অনুযায়ী বৈধভাবে দাখিলকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।";

(৫) বিধি ১৫ এর—

(ক) উপ-বিধি (৩) এর—

(অ) দফা (গ) এর—

(১) উপ-দফা (ইই) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (ইই) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ইই) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ১৬৬ এর অধীন দাখিলকৃত রিটার্নের প্রত্যয়িত অনুলিপি এবং উক্ত আইনের ধারা ২৬৪ এর বিধান অনুসারে রিটার্ন দাখিলের প্রমাণপত্র;";

(২) উপ-দফা (ইইই) বিলুপ্ত হইবে;

(খ) উপ-বিধি (৫), (৬) এবং (৭) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫), (৬) এবং (৭) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৫) নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে মনোনয়নপত্র দাখিল করিতে হইবে; অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিলের জন্য কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইটের সংশ্লিষ্ট লিংকে (পোর্টাল) প্রবেশ করিয়া রেজিস্ট্রেশন করিতে পারিবেন, রেজিস্ট্রেশন সম্পন্ন হইবার পর পোর্টালে লগইন করিয়া মনোনয়নপত্র পূরণ ও দাখিল করিতে পারিবেন; এইক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করিবার উদ্দেশ্যে কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের পোর্টালের সংশ্লিষ্ট লিংকে প্রবেশ করিয়া তাহার জাতীয় পরিচয়পত্র নম্বর, নির্বাচনের ধরন, নির্বাচনের নাম, পদের নাম, বিভাগ, জেলা, উপজেলা, জন্ম তারিখ, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি এন্ট্রি করিয়া রেজিস্ট্রেশন করিতে পারিবেন; রেজিস্ট্রেশন সম্পন্ন হইবার পর মোবাইল নম্বর বা ইমেইল এ ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাইবে;

(খ) জাতীয় পরিচয়পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখাবয়ব তথ্যের সহিত প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর চেহারা শনাক্তকরণ (facial recognition) করিতে হইবে;

(গ) দফা (ক) অনুসারে প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া লগইন করিবার পর প্রার্থী চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক, ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-১, মহিলা ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-২, মহিলা সদস্য পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-৩ পাইবেন;

(ঘ) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করিয়া পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফনামা সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করিবেন এবং উপ-বিধি (৩) এর অধীন প্রয়োজনীয় কাগজপত্র (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র, ইত্যাদি) স্ক্যান করিয়া পোর্টেবল ডকুমেন্ট ফরমেট (PDF) আকারে সংযুক্ত করিবেন;

(ঙ) প্রার্থী চালানের মাধ্যমে অথবা পোর্টালে রক্ষিত অনলাইন পেমেন্ট মেথড ব্যবহার করিয়া জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করিবার পর মনোনয়নপত্রটি দাখিল করিবেন;

(চ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে স্বয়ংক্রিয়ভাবে সৃজিত বা প্রদত্ত ক্রমিক নম্বর অনুসারে প্রার্থিত পদের সংশ্লিষ্ট ফরম এর পঞ্চম খণ্ড অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের স্থান, তারিখ ও সময় নির্ধারণ করিবেন এবং প্রাপ্তি স্বীকার রসিদ ও বাছাইয়ের নোটিশ অনলাইনে প্রার্থীকে প্রেরণ করিবেন;

(ছ) এই উপ-বিধির অধীন মনোনয়নপত্র দাখিলের পর স্বয়ংক্রিয়ভাবে পোর্টালে প্রার্থীর একাউন্টে মনোনয়নপত্র দাখিলের প্রাপ্তি স্বীকার, মনোনয়নপত্র বাছাইয়ের স্থান ও তারিখ, মনোনয়নপত্র বাছাইয়ের সিদ্ধান্ত, প্রার্থীতা প্রত্যাহার এবং প্রতীক বরাদ্দসহ সংশ্লিষ্ট তথ্যাদি পর্যায়ক্রমে প্রেরণ করা হইবে এবং উল্লিখিত প্রতিটি ধাপের তথ্য প্রার্থীর প্রদত্ত মোবাইলেও প্রেরণ করা হইবে; এবং

(জ) রিটার্নিং অফিসার, প্রয়োজনে, অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে তাহার নিকট দাখিল করিবার নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(৬) কোন ব্যক্তি একই নির্বাচনি এলাকার জন্য একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেন না।

(৭) রিটার্নিং অফিসার তদ্‌কর্তৃক প্রাপ্ত প্রত্যেক মনোনয়নপত্র সম্পর্কে উহাতে বর্ণিত প্রার্থীর বিস্তারিত বিবরণ এবং প্রস্তাবকারী ও সমর্থনকারীর নাম ও ভোটার নম্বর তফসিল-১ এর ফরম-গ অনুসারে প্রস্তুত করিয়া তাহার কার্যালয়ে সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ কোন স্থানে টাঙাইয়া দিবেন।”;

(গ) উপ-বিধি (৮) এবং (৯) বিলুপ্ত হইবে;

(৬) বিধি ১৫ক বিলুপ্ত হইবে;

(৭) বিধি ১৬ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকা” শব্দগুলি, সংখ্যা, কমা, চিহ্ন ও বন্ধনীর পরিবর্তে “চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকা এবং ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ৭৫ (পঁচাত্তর) হাজার টাকা” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(৮) বিধি ১৭ এর—

(ক) উপ-বিধি (১) উল্লিখিত “নির্বাচনি এজেন্ট,” শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে;

(খ) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩ক) এই বিধির অধীন রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের সময় প্রয়োজনীয় কাগজপত্র বা রেকর্ডপত্র তাহার নিকট উপস্থাপনের জন্য যেকোন ব্যক্তি বা কর্তৃপক্ষকে তিনি নির্দেশনা প্রদান করিতে পারিবেন।";

(৯) বিধি ২২ এর পর নিম্নরূপ নূতন বিধি ২২ক সন্নিবেশিত হইবে, যথা:—

"২২ক। **প্রতীক বরাদ্দের পূর্বে নির্বাচনি প্রচারের উপর বিধিনিষেধ।**—বিধি ২২ এর অধীন প্রতীক বরাদ্দের পূর্বে জনসংযোগ এবং ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনি প্রচার ব্যতীত অন্য কোন প্রকারের নির্বাচনি প্রচার শুরু করা যাইবে না।";

(১০) বিধি ৩৫ এর উপ-বিধি (১০) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১০) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১০) যদি কোন ভোটার দৃষ্টি প্রতিবন্ধী হন বা শারীরিক প্রতিবন্ধী হন বা অন্য কোন প্রকারে শারীরিকভাবে এমন অসমর্থ হন যে, ভোট প্রদানের জন্য তাহার কোন সহায়তাকারীর প্রয়োজন, তাহা হইলে নিম্নবর্ণিত বিধান প্রযোজ্য হইবে, যথা:—

(ক) প্রিজাইডিং অফিসার তাহাকে একজন ভোটারকে সহায়তাকারী হিসাবে সঙ্গে লইবার অনুমতি প্রদান করিতে পারিবেন;

(খ) যদি ভোটারের প্রতিবন্ধিতা বা অসমর্থতা এইরূপ হয় যে, তিনি ব্যালট পেপারে চিহ্ন দিতে অক্ষম, তাহা হইলে ভোটারের সহায়তাকারী ভোটারের নির্দেশমত ব্যালট পেপারে চিহ্ন প্রদান করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, যে ব্যক্তি ভোটারের উক্তরূপ সহায়তাকারী হইয়াছেন তিনি স্বয়ং কোন প্রার্থী বা তাহার এজেন্ট হইতে পারিবে না;

(গ) যদি ভোটারের সহায়তাকারী কর্তৃক ব্যালট পেপার চিহ্নিত করিতে হয়, তাহা হইলে প্রিজাইডিং অফিসার তাহাকে স্পষ্টভাবে বুঝাইয়া দিবেন যে, তাহাকে অবশ্যই ভোটারের পছন্দকৃত প্রার্থীর অনুকূলে ব্যালট পেপারে চিহ্ন প্রদান করিতে হইবে, এবং তিনি ভোটারের পছন্দের বিষয়টি কাহারও নিকট প্রকাশ করিবেন না এবং অবশ্যই ভোটের গোপনীয়তা রক্ষা করিবেন;

(ঘ) যেক্ষেত্রে ভোটারের পক্ষে সহায়তাকারী কর্তৃক ব্যালট পেপার চিহ্নিত করা হইবে, সেইক্ষেত্রে প্রিজাইডিং অফিসার তাহাদের একটি তালিকা সংরক্ষণ করিবেন।";

(১১) বিধি ৩৯ এর পরিবর্তে নিম্নরূপ বিধি (৩৯) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৩৯। **কতিপয় পরিস্থিতিতে প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচন বন্ধ রাখিবার ক্ষমতা।**—(১) ভোট গ্রহণের যে কোনো পর্যায়ে যদি প্রিজাইডিং অফিসার দেখিতে পান যে,—

(ক) তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ভোট গ্রহণ এইরূপভাবে ব্যাহত বা বাধাগ্রস্ত হইয়াছে যে, ভোট গ্রহণের জন্য নির্ধারিত সময়ের মধ্যে ইহা পুনরায় শুরু করা সম্ভব নহে; বা

(খ) ভোট কেন্দ্রে ব্যবহৃত কোন ব্যালট বাক্স তাহার হেফাজত হইতে বে-আইনিভাবে ও জোরপূর্বক অপসারণ করা হইয়াছে, বা দুর্ঘটনাক্রমে বা ইচ্ছাকৃতভাবে বিনষ্ট করা হইয়াছে বা হারাইয়া গিয়াছে, বা এইরূপভাবে ক্ষতিগ্রস্ত বা বিকৃত করা হইয়াছে যে, সেই কেন্দ্রের ভোটের ফলাফল নিরূপণ করা যায় না; বা

(গ) কোনো ব্যক্তি বা ব্যক্তিগণ বৈধভাবে বা অবৈধভাবে ভোট কেন্দ্রে প্রবেশ করিয়া তাহাকে বা অন্যান্য পোলিং অফিসারকে অস্ত্র-প্রদর্শন বা শারীরিক বল প্রয়োগের মাধ্যমে তাহাদের স্বাভাবিক নির্বাচনি দায়িত্ব পালনে বাধা প্রদান করেন,

তাহা হইলে তিনি অনতিবিলম্বে ভোট গ্রহণ বন্ধ করিয়া দিবেন, এবং নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার সদস্যগণকে ঘটনাবলি সম্পর্কে অবহিত করিবেন এবং উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণকে অপসারণ ও গ্রেপ্তার করিবার জন্য সহযোগিতা চাইবেন।

(২) আইন প্রয়োগকারী সংস্থার সদস্যগণ অনতিবিলম্বে উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণকে অপসারণ ও গ্রেপ্তার করিবেন এবং ভোট কেন্দ্রের অভ্যন্তরে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পূর্বাবস্থায় ফিরাইয়া (restore) আনিবেন।

(৩) যদি আইন প্রয়োগকারী সংস্থার সদস্যগণ উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণকে অপসারণ ও গ্রেপ্তার করিতে এবং ভোট কেন্দ্রের অভ্যন্তরে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পূর্বাবস্থায় ফিরাইয়া আনিতে ব্যর্থ হন, তাহা হইলে প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ বন্ধ করিয়া দিবেন এবং তাহার সকল কর্মকর্তাসহ ভোট কেন্দ্র ত্যাগ করিবেন এবং তৎসম্পর্কে রিটার্নিং অফিসারকে রিপোর্ট করিবেন।

(৪) যেক্ষেত্রে উপ-বিধি (৩) এর অধীন ভোট গ্রহণ বন্ধ করিয়া দেওয়া হয়, সেইক্ষেত্রে রিটার্নিং অফিসার তৎক্ষণাৎ পরিস্থিতি সম্পর্কে কমিশনকে রিপোর্ট করিবেন, এবং কমিশন উক্ত ভোট কেন্দ্রে নূতন ভোট গ্রহণের নির্দেশ প্রদান করিবে, যদি না কমিশন এই মর্মে সন্তুষ্ট হয় যে, একই নির্বাচনি এলাকার অন্যান্য ভোট কেন্দ্রে গৃহীত ভোটের ফলাফলের দ্বারা ভোট কেন্দ্রটির নির্বাচনের ফলাফল নির্ধারিত হইয়া গিয়াছে।

(৫) যেক্ষেত্রে কমিশন উপ-বিধি (৪) এর অধীন নূতন ভোট গ্রহণের নির্দেশ প্রদান করে, সেইক্ষেত্রে রিটার্নিং অফিসার, কমিশনের অনুমোদনক্রমে, নূতন ভোট গ্রহণের জন্য একটি তারিখ, সময় ও স্থান নির্ধারণ (fix) করিয়া তৎসম্পর্কে গণবিজ্ঞপ্তি জারি করিবেন।

(৬) উপ-বিধি (৫) এর অধীন কোনো ভোট কেন্দ্রে যখন নূতন ভোট গ্রহণ করা হইবে, তখন উহাতে ভোট প্রদানের অধিকারী সকল ভোটারকে ভোট প্রদান করিতে দেওয়া হইবে, এবং এইক্ষেত্রে উপ-বিধি (৩) এর অধীন বন্ধকৃত ভোটের সময় প্রদত্ত কোনো ভোট গণনা করা হইবে না, এবং উক্তরূপ নূতন ভোট গ্রহণের ক্ষেত্রে আইন ও তদধীন প্রণীত বিধির বিধানাবলি প্রযোজ্য হইবে।";

(১২) বিধি ৪৩ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও মহিলা সদস্য নির্বাচনের ক্ষেত্রে, ভোট গণনার ফলাফল একত্রীকরণের পর যদি দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে সমান সংখ্যক ভোট প্রদত্ত হইবার কারণে উপ-বিধি (২) এর অধীন কোন প্রার্থীকে নির্বাচিত করা সম্ভব নহে, তাহা হইলে রিটার্নিং অফিসার লটারির মাধ্যমে ফলাফল নির্ধারণ করিবেন; লটারি যে প্রার্থীর অনুকূলে যাইবে সেই প্রার্থী সর্বোচ্চ ভোট প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং রিটার্নিং অফিসার তাহাকে নির্বাচিত ঘোষণা করিবেন; রিটার্নিং অফিসার তদ্‌কর্তৃক সম্পাদিত লটারির সম্পূর্ণ কার্যক্রম লিপিবদ্ধ করিয়া একটি কার্যবিবরণী প্রস্তুত করিবেন এবং উক্ত কার্যবিবরণীতে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা নির্বাচনি এজেন্টের স্বাক্ষর গ্রহণ করিবেন।";

(১৩) বিধি ৪৬ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "এক অষ্টমাংশ" শব্দগুলির পরিবর্তে "১৫ (পনেরো) শতাংশ" সংখ্যা, শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(১৪) বিধি ৫১ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাহার নির্বাচনের উদ্দেশ্যে, নির্বাচনি ব্যয় বাবদ অনধিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা এবং মহিলা সদস্য পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাহার নির্বাচনের উদ্দেশ্যে, নির্বাচনি ব্যয় বাবদ অনধিক ১ (এক) লক্ষ টাকা ব্যয় করিতে পারিবেন।";

(খ) উপ-বিধি (৩) এর—

(অ) দফা (ক) বিলুপ্ত হইবে;

(আ) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঘ) ইউনিয়ন বা পৌরসভার ওয়ার্ড পর্যায়ের প্রতিটি নির্বাচনি ক্যাম্প বা অফিসের আয়তন ৬ (ছয়)শত বর্গফুট এবং কেন্দ্রীয় ক্যাম্প বা অফিসের আয়তন ১২ (বারো)শত বর্গফুটের অধিক স্থাপনের জন্য;

(ই) দফা (ঙ) এ উল্লিখিত "তিনটির অধিক মাইক্রোফোন বা লাউড স্পিকার নিয়োগ বা" শব্দসমূহের পরিবর্তে "১ (এক)টির অধিক মাইক বা শব্দের মাত্রা বর্ধনকারী অন্যবিধ যন্ত্র অথবা জনসভায় ৪ (চার)টির অধিক মাইক বা শব্দের মাত্রা বর্ধনকারী অন্যবিধ যন্ত্র" সংখ্যাগুলি, শব্দগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঈ) দফা (চ) এ উল্লিখিত "ভোটের জন্য ধার্য তারিখের তিন সপ্তাহ পূর্বে" শব্দগুলির পরিবর্তে "প্রতীক বরাদ্দের পূর্বে জনসংযোগ এবং ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনি প্রচার ব্যতীত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(উ) দফা (ঢ) এর পরিবর্তে নিম্নরূপভাবে দফা (ঢ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঢ) প্রতি ইউনিয়নে ১ (এক)টি এবং পৌরসভা এলাকায় প্রতি ৩ (তিন)টি ওয়ার্ডে ১ (এক)টির অধিক এবং কোনো উপজেলায় একাধিক কেন্দ্রীয় ক্যাম্প বা অফিস স্থাপনের জন্য;";

(১৫) বিধি ৫২ এর—

(ক) দফা (ক) এ উল্লিখিত "ব্যক্তিগত খরচ ব্যতীত," শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে;

(খ) দফা (খ) এ উল্লিখিত ",ব্যক্তিগত খরচ ব্যতীত," কমাগুলি ও শব্দগুলি বিলুপ্ত হইবে;

(১৬) বিধি ৮০ এর পর নিম্নরূপ বিধি ৮০ক সন্নিবেশিত হইবে, যথা:—

"৮০ক। **নির্বাচনি দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গকে হুমকি, ভীতি-প্রদর্শন ও বাধা প্রদানের শাস্তি।**—যদি কোনো ব্যক্তি এই বিধিমালার অধীন কোন নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনরত কোনো ব্যক্তিকে হুমকি, ভীতি-প্রদর্শন, আঘাত বা অন্য কোনভাবে বলপ্রয়োগের মাধ্যমে বাধা প্রদান করেন বা বাধা প্রদানের চেষ্টা করেন, বা এই বিধিমালার অধীন কোনো নির্বাচন সংক্রান্ত কাজে নিয়োজিত কমিশন কর্তৃক অনুমোদিত কোনো গণমাধ্যম প্রতিনিধি বা পর্যবেক্ষককে বাধা প্রদান করেন বা বাধা প্রদানের চেষ্টা করেন, বা তাহার শারীরিক কোনো ক্ষতি করেন বা তাহার দায়িত্ব পালনে ব্যবহার্য সরঞ্জামের ক্ষতিসাধন করেন বা কোনো ভোটারকে ভোট প্রদান হইতে বিরত রাখিবার উদ্দেশ্যে ভোট কেন্দ্রে যাইতে বাধা প্রদান করেন বা বাধা প্রদানের চেষ্টা করেন, বা কোন প্রার্থীকে মনোনয়নপত্র দাখিল করা হইতে বিরত রাখেন বা বিরত রাখিবার চেষ্টা করেন, বা কোন প্রার্থীকে মনোনয়নপত্র প্রত্যাহারে বাধ্য করান বা বাধ্য করাইবার চেষ্টা করেন, তাহা হইলে তিনি উক্তরূপ অপরাধে দোষী সাব্যস্ত হইবেন এবং তিনি অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ডে, বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ডে, বা উভয়দণ্ডে দণ্ডনীয় হইবেন।";

(১৭) বিধি ৮৩ এর উপ-বিধি (১) এর—

(ক) দফা (ক) এ উল্লিখিত "বহু রঙ্গের পোস্টার বা প্রতিকৃতি বা" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(গ) ইউনিয়ন বা পৌরসভার ওয়ার্ড পর্যায়ে ৬ (ছয়)শত বর্গফুট এবং কেন্দ্রীয় পর্যায়ে ১২ (বারো)শত বর্গফুটের অতিরিক্ত এলাকাব্যপী কোন প্রার্থীর নির্বাচনি ক্যাম্প বা অফিস;";

(গ) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঘ) কোনো প্রার্থী কর্তৃক কোনো নির্বাচনি এলাকায় নির্বাচনি প্রচার কাজে যেকোন সময়ে ব্যবহৃত জনসভা ব্যতিরেকে ১ (এক) টির অধিক মাইক বা শব্দের মাত্রা বর্ধনকারী অন্যবিধ যন্ত্র অথবা জনসভায় ৪ (চার) টির অধিক মাইক বা শব্দের মাত্রা বর্ধনকারী অন্যবিধ যন্ত্র;";

(ঘ) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঙ) প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতি ইউনিয়নে ১ (এক)টি ও পৌরসভা এলাকায় প্রতি ৩ (তিন)টি ওয়ার্ডে ১ (এক)টির অধিক নির্বাচনি ক্যাম্প বা অফিস এবং কোন উপজেলায় ১ (এক)টির অধিক কেন্দ্রীয় ক্যাম্প বা অফিস;";

(১৮) বিধি ৮৯ এর পর নিম্নরূপ বিধি ৮৯ক ও ৮৯খ সন্নিবেশিত হইবে, যথা:—

"৮৯ক। **নির্বাচনের ফলাফল স্থগিত এবং পুনরায় ভোট গ্রহণে কমিশনের ক্ষমতা।**— আইন এবং এই বিধিমালায় ভিন্নরূপ কোন বিধান না থাকিলে, কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোন ভোট কেন্দ্র বা ভোট কেন্দ্রসমূহের ফলাফল বলপ্রয়োগ, ভীতি-প্রদর্শন, কারসাজি বা অন্যবিধ অপকর্মের দ্বারা চরমভাবে পক্ষপাতদুষ্ট হইয়াছে, তাহা হইলে কমিশন সেই ভোট কেন্দ্র বা ভোট কেন্দ্রসমূহের ফলাফল স্থগিত করিতে পারিবে, এবং এই বিষয়ে, কমিশন কর্তৃক যেরূপ উপযুক্ত বিবেচিত হইবে সেইরূপ পদ্ধতিতে, অতিসত্বর অনুসন্ধান করিবার পর, উহার নিকট ন্যায়সঙ্গত ও যথাযথ মনে হইলে, উক্তরূপ ভোট কেন্দ্র বা ভোট কেন্দ্রসমূহের ফলাফল প্রকাশ করিবার নির্দেশ প্রদান করিবে, বা উক্তরূপ ভোট কেন্দ্র বা ভোট কেন্দ্রসমূহের নির্বাচন বাতিল ঘোষণাপূর্বক উক্তরূপ ভোট কেন্দ্র বা ভোট কেন্দ্রসমূহের নূতন ভোট গ্রহণের নির্দেশনা প্রদান করিতে পারিবে।

৮৯খ। **মনিটরিং কমিটি গঠন।**—উপজেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণার পর নির্বাচনি অপরাধ ও আচরণ বিধি লঙ্ঘনজনিত বিষয়াদি মনিটরিং করিবার জন্য কমিশন, তৎকর্তৃক নির্ধারিত সংখ্যক উপযুক্ত কর্মকর্তাদের সমন্বয়ে, প্রয়োজনীয় সংখ্যক মনিটরিং কমিটি গঠন করিতে পারিবে।”;

(১৯) বিধি ৯২ এর পর নিম্নরূপ বিধি ৯২ক সন্নিবেশিত হইবে, যথা:—

“৯২ক। **অনুপস্থিতির কারণে কোন কার্য অবৈধ না হওয়া।**—যেক্ষেত্রে আইন ও এই বিধিমালার অধীন কোন কার্য বা বিষয় প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টের উপস্থিতিতে সম্পন্ন করিবার জন্য নির্ধারিত, সেইক্ষেত্রে অনুরূপ ব্যক্তির উক্ত উদ্দেশ্যে নির্ধারিত সময়ে ও স্থানে উপস্থিতির ব্যর্থতা বা অন্য কোন উপায়ে বৈধভাবে কৃত কোন কার্যকে অবৈধ করিবে না:

তবে শর্ত থাকে যে,—

(ক) রিটার্নিং অফিসার বা, ক্ষেত্রমত, প্রিজাইডিং অফিসার, যতদূর সম্ভব, উক্ত কার্য বা বিষয় সম্পাদনকালে উক্ত ব্যক্তির উপস্থিতি নিশ্চিতকরণের জন্য যথাসাধ্য প্রচেষ্টা গ্রহণ করিবেন;

(খ) উক্ত কার্য বা বিষয় সম্পাদনকালে যদি কোন প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টকে উপস্থিত পাওয়া না যায়, তাহা হইলে রিটার্নিং অফিসার বা, ক্ষেত্রমত, প্রিজাইডিং অফিসার অবিলম্বে এইরূপ অনুপস্থিতির কারণ লিপিবদ্ধ করিয়া, তাহার মন্তব্যসহ, কমিশনকে অবহিত করিবেন।”;

(২০) মনোনয়ন ফরম-ক, ফরম-ক-১, ফরম-ক-২ এর নির্দেশিকার—

(ক) ক্রমিক নং ৩ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৩. টিআইএন সনদের কপি এবং সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ সংক্রান্ত কাগজপত্র।”;

(খ) ক্রমিক নং ৫ এ উল্লিখিত “অথবা স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে প্রার্থিতার স্বপক্ষে স্বাক্ষরযুক্ত তালিকা” শব্দগুলি বিলুপ্ত হইবে;

(২১) তফসিল-১ এর মনোনয়ন ফরম-ক, ফরম-ক-১, ফরম-ক-২ এর প্রথম খণ্ডের তৃতীয় অংশের—

(ক) ক্রমিক নং ৪ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৪ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৪) আমার টিআইএন নম্বর

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

এবং আমার সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ সংক্রান্ত কাগজপত্র এতদ্‌সংঙ্গে সংযুক্ত করিলাম।”;

(খ) ক্রমিক নং ৫ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৫ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ক) আমি, ☐ , ☐

রাজনৈতিক দলের প্রার্থী। উহার সপক্ষে রাজনৈতিক দলের মনোনয়ন এতদ্‌সংঙ্গে সংযুক্ত করিলাম।

অথবা

(খ) আমি স্বতন্ত্র প্রার্থী।";

(২২) তফসিল-১ এর ফরম-ক ও ক-১ এর দ্বিতীয় খণ্ড: প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি এর ক্রমিক নং ১১ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১১ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১১। লিঙ্গ (টিক ☑ চিহ্ন দিন): পুরুষ ☐ মহিলা ☐ হিজড়া ☐।";

(২৩) তফসিল-২ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-২ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল-২**

[বিধি ২২(১)(ক) দ্রষ্টব্য]

চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনীত প্রার্থীর অনুকূলে বরাদ্দযোগ্য সংরক্ষিত প্রতীকসমূহ :

| ক্রমিক নং | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) | সংরক্ষিত প্রতীক |
|---|---|---|---|---|
| ১। | ০০১ | লিবারেল ডেমোক্রেটিক পার্টি | এল.ডি.পি | ছাতা |
| ২। | ০০২ | জাতীয় পার্টি-জেপি | জে.পি. | বাইসাইকেল |
| ৩। | ০০৩ | বাংলাদেশের সাম্যবাদী দল (এম. এল) | সাম্যবাদী দল (এম.এল) | চাকা |
| ৪। | ০০৪ | কৃষক শ্রমিক জনতা লীগ | -- | গামছা |
| ৫। | ০০৫ | বাংলাদেশের কমিউনিস্ট পার্টি | সি পি বি | কাস্তে |
| ৬। | ০০৬ | বাংলাদেশ আওয়ামী লীগ | আওয়ামী লীগ | নৌকা |
| ৭। | ০০৭ | বাংলাদেশ জাতীয়তাবাদী দল | বি এন পি | ধানের শীষ |
| ৮। | ০০৮ | গণতন্ত্রী পার্টি | -- | কবুতর |
| ৯। | ০০৯ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | ন্যাপ | কুঁড়ে ঘর |
| ১০। | ০১০ | বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি | ওয়ার্কার্স পার্টি | হাতুড়ী |
| ১১। | ০১১ | বিকল্পধারা বাংলাদেশ | বিডিবি | কুলা |
| ১২। | ০১২ | জাতীয় পার্টি | জাপা | লাঙ্গল |
| ১৩। | ০১৩ | জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ | জাসদ | মশাল |
| ১৪। | ০১৫ | জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি | জেএসডি | তারা |
| ১৫। | ০১৬ | জাকের পার্টি | -- | গোলাপ ফুল |
| ১৬। | ০১৭ | বাংলাদেশের সমাজতান্ত্রিক দল | বাসদ | মই |
| ১৭। | ০১৮ | বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি | বিজেপি | গরুর গাড়ী |
| ১৮। | ০১৯ | বাংলাদেশ তরিকত ফেডারেশন | বি টি এফ | ফুলের মালা |
| ১৯। | ০২০ | বাংলাদেশ খেলাফত আন্দোলন | -- | বটগাছ |
| ২০। | ০২১ | বাংলাদেশ মুসলিম লীগ | -- | হারিকেন |
| ২১। | ০২২ | ন্যাশনাল পিপল্স পার্টি | এন.পি.পি | আম |

| ক্রমিক নং | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) | সংরক্ষিত প্রতীক |
|---|---|---|---|---|
| ২২। | ০২৩ | জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ | -- | খেজুর গাছ |
| ২৩। | ০২৪ | গণফোরাম | গণফোরাম | উদীয়মান সূর্য |
| ২৪। | ০২৫ | গণফ্রন্ট | জি.এফ | মাছ |
| ২৫। | ০২৭ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | বাংলাদেশ ন্যাপ | গাভী |
| ২৬। | ০২৮ | বাংলাদেশ জাতীয় পার্টি | -- | কাঁঠাল |
| ২৭। | ০৩০ | ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ | আই.এফ.বি | চেয়ার |
| ২৮। | ০৩১ | বাংলাদেশ কল্যাণ পার্টি | কল্যাণ পার্টি | হাতঘড়ি |
| ২৯। | ০৩২ | ইসলামী ঐক্যজোট | আই.ও.জে | মিনার |
| ৩০। | ০৩৩ | বাংলাদেশ খেলাফত মজলিস | -- | রিক্সা |
| ৩১। | ০৩৪ | ইসলামী আন্দোলন বাংলাদেশ | -- | হাতপাখা |
| ৩২। | ০৩৫ | বাংলাদেশ ইসলামী ফ্রন্ট | B I F | মোমবাতি |
| ৩৩। | ০৩৭ | বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | কোদাল |
| ৩৪। | ০৩৮ | খেলাফত মজলিস | -- | দেওয়াল ঘড়ি |
| ৩৫। | ০৪০ | বাংলাদেশ মুসলিম লীগ | বিএমএল | হাত (পাঞ্জা) |
| ৩৬। | ০৪১ | বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট | মুক্তিজোট | ছড়ি |
| ৩৭। | ০৪২ | বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট-বিএনএফ | বিএনএফ | টেলিভিশন |
| ৩৮। | ০৪৩ | জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন | এনডিএম | সিংহ |
| ৩৯। | ০৪৪ | বাংলাদেশ কংগ্রেস | কংগ্রেস | ডাব |
| ৪০। | ০৪৫ | তৃণমূল বিএনপি | -- | সোনালী আঁশ |
| ৪১। | ০৪৬ | ইনসানিয়াত বিপ্লব, বাংলাদেশ | ইনসানিয়াত | আপেল |
| ৪২। | ০৪৭ | বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল | বাংলাদেশ জাসদ | মটরগাড়ি (কার) |
| ৪৩। | ০৪৮ | বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন | বি এন এম | নোঙ্গর |
| ৪৪। | ০৪৯ | বাংলাদেশ সুপ্রিম পার্টি | বি.এস.পি | একতারা |

(২৪) তফসিল-৩ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল-৩**

[বিধি ২২(১)(খ) দ্রষ্টব্য]

চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। আনারস | ১১। মুকুট |
| ২। কাপ-পিরিচ | ১২। জোড়া ফুল |
| ৩। চিংড়ি মাছ | ১৩। ফ্রাইপেন |
| ৪। মোটর সাইকেল | ১৪। কড়াই |
| ৫। ঘোড়া | ১৫। উট |
| ৬। টেলিফোন | ১৬। কৈ মাছ |
| ৭। দোয়াত-কলম | ১৭। মাটির চুলা |
| ৮। ব্যাটারি | ১৮। শালিক |
| ৯। হেলিকপ্টার | |
| ১০। ফেজ টুপি | |

(২৫) তফসিল-৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল-৪**

[বিধি ২২(১)(গ) দ্রষ্টব্য]

ভাইস চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনীত প্রার্থীর অনুকূলে বরাদ্দযোগ্য সংরক্ষিত প্রতীকসমূহ:

| ক্রমিক নং | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম | ক্রমিক নং |
|---|---|---|---|---|
| ১। | ০০১ | লিবারেল ডেমোক্রেটিক পার্টি | এল.ডি.পি | ছাতা |
| ২। | ০০২ | জাতীয় পার্টি-জেপি | জে.পি. | বাইসাইকেল |
| ৩। | ০০৩ | বাংলাদেশের সাম্যবাদী দল (এম. এল) | সাম্যবাদী দল (এম.এল) | চাকা |
| ৪। | ০০৪ | কৃষক শ্রমিক জনতা লীগ | -- | গামছা |
| ৫। | ০০৫ | বাংলাদেশের কমিউনিস্ট পার্টি | সি পি বি | কাস্তে |
| ৬। | ০০৬ | বাংলাদেশ আওয়ামী লীগ | আওয়ামী লীগ | নৌকা |
| ৭। | ০০৭ | বাংলাদেশ জাতীয়তাবাদী দল | বি এন পি | ধানের শীষ |
| ৮। | ০০৮ | গণতন্ত্রী পার্টি | -- | কবুতর |
| ৯। | ০০৯ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | ন্যাপ | কুঁড়ে ঘর |
| ১০। | ০১০ | বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি | ওয়ার্কার্স পার্টি | হাতুড়ী |
| ১১। | ০১১ | বিকল্পধারা বাংলাদেশ | বিডিবি | কুলা |
| ১২। | ০১২ | জাতীয় পার্টি | জাপা | লাঙ্গল |
| ১৩। | ০১৩ | জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ | জাসদ | মশাল |
| ১৪। | ০১৫ | জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি | জেএসডি | তারা |
| ১৫। | ০১৬ | জাকের পার্টি | -- | গোলাপ ফুল |
| ১৬। | ০১৭ | বাংলাদেশের সমাজতান্ত্রিক দল | বাসদ | মই |
| ১৭। | ০১৮ | বাংলাদেশ জাতীয় পার্টি- বিজেপি | বিজেপি | গরুর গাড়ী |
| ১৮। | ০১৯ | বাংলাদেশ তরিকত ফেডারেশন | বি টি এফ | ফুলের মালা |
| ১৯। | ০২০ | বাংলাদেশ খেলাফত আন্দোলন | -- | বটগাছ |

| ক্রমিক নং | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম | ক্রমিক নং |
|---|---|---|---|---|
| ২০। | ০২১ | বাংলাদেশ মুসলিম লীগ | -- | হারিকেন |
| ২১। | ০২২ | ন্যাশনাল পিপল্‌স পার্টি | এন.পি.পি | আম |
| ২২। | ০২৩ | জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ | -- | খেজুর গাছ |
| ২৩। | ০২৪ | গণফোরাম | গণফোরাম | উদীয়মান সূর্য |
| ২৪। | ০২৫ | গণফ্রন্ট | জি.এফ | মাছ |
| ২৫। | ০২৭ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | বাংলাদেশ ন্যাপ | গাভী |
| ২৬। | ০২৮ | বাংলাদেশ জাতীয় পার্টি | -- | কাঁঠাল |
| ২৭। | ০৩০ | ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ | আই.এফ.বি | চেয়ার |
| ২৮। | ০৩১ | বাংলাদেশ কল্যাণ পার্টি | কল্যাণ পার্টি | হাতঘড়ি |
| ২৯। | ০৩২ | ইসলামী ঐক্যজোট | আই.ও.জে | মিনার |
| ৩০। | ০৩৩ | বাংলাদেশ খেলাফত মজলিস | -- | রিক্সা |
| ৩১। | ০৩৪ | ইসলামী আন্দোলন বাংলাদেশ | -- | হাতপাখা |
| ৩২। | ০৩৫ | বাংলাদেশ ইসলামী ফ্রন্ট | B I F | মোমবাতি |
| ৩৩। | ০৩৭ | বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | কোদাল |
| ৩৪। | ০৩৮ | খেলাফত মজলিস | -- | দেওয়াল ঘড়ি |
| ৩৫। | ০৪০ | বাংলাদেশ মুসলিম লীগ | বিএমএল | হাত (পাঞ্জা) |
| ৩৬। | ০৪১ | বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট | মুক্তিজোট | ছড়ি |
| ৩৭। | ০৪২ | বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট-বিএনএফ | বিএনএফ | টেলিভিশন |
| ৩৮। | ০৪৩ | জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন | এনডিএম | সিংহ |
| ৩৯। | ০৪৪ | বাংলাদেশ কংগ্রেস | কংগ্রেস | ডাব |
| ৪০। | ০৪৫ | তৃণমূল বিএনপি | -- | সোনালী আঁশ |
| ৪১। | ০৪৬ | ইনসানিয়াত বিপ্লব, বাংলাদেশ | ইনসানিয়াত | আপেল |
| ৪২। | ০৪৭ | বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল | বাংলাদেশ জাসদ | মটরগাড়ি (কার) |
| ৪৩। | ০৪৮ | বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন | বি এন এম | নোঙ্গর |
| ৪৪। | ০৪৯ | বাংলাদেশ সুপ্রিম পার্টি | বি.এস.পি | একতারা |

(২৬) তফসিল-৬ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"**তফসিল**-৬
[বিধি ২২(১)(ঙ) দ্রষ্টব্য]

মহিলা ভাইস চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনীত প্রার্থীর অনুকূলে বরাদ্দযোগ্য সংরক্ষিত প্রতীকসমূহ

| ক্রমিক নং | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) | সংরক্ষিত প্রতীক |
|---|---|---|---|---|
| ১। | ০০১ | লিবারেল ডেমোক্রেটিক পার্টি | এল.ডি.পি | ছাতা |
| ২। | ০০২ | জাতীয় পার্টি-জেপি | জে.পি. | বাইসাইকেল |
| ৩। | ০০৩ | বাংলাদেশের সাম্যবাদী দল (এম. এল) | সাম্যবাদী দল (এম.এল) | চাকা |
| ৪। | ০০৪ | কৃষক শ্রমিক জনতা লীগ | -- | গামছা |
| ৫। | ০০৫ | বাংলাদেশের কমিউনিস্ট পার্টি | সি পি বি | কাস্তে |
| ৬। | ০০৬ | বাংলাদেশ আওয়ামী লীগ | আওয়ামী লীগ | নৌকা |
| ৭। | ০০৭ | বাংলাদেশ জাতীয়তাবাদী দল | বি এন পি | ধানের শীষ |
| ৮। | ০০৮ | গণতন্ত্রী পার্টি | -- | কবুতর |
| ৯। | ০০৯ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | ন্যাপ | কুঁড়ে ঘর |
| ১০। | ০১০ | বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি | ওয়ার্কার্স পার্টি | হাতুড়ী |
| ১১। | ০১১ | বিকল্পধারা বাংলাদেশ | বিডিবি | কুলা |
| ১২। | ০১২ | জাতীয় পার্টি | জাপা | লাঙ্গল |
| ১৩। | ০১৩ | জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ | জাসদ | মশাল |
| ১৪। | ০১৫ | জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি | জেএসডি | তারা |
| ১৫। | ০১৬ | জাকের পার্টি | -- | গোলাপ ফুল |
| ১৬। | ০১৭ | বাংলাদেশের সমাজতান্ত্রিক দল | বাসদ | মই |
| ১৭। | ০১৮ | বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি | বিজেপি | গরুর গাড়ী |
| ১৮। | ০১৯ | বাংলাদেশ তরিকত ফেডারেশন | বি টি এফ | ফুলের মালা |

| ক্রমিক নং | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) | সংরক্ষিত প্রতীক |
|---|---|---|---|---|
| ১৯। | ০২০ | বাংলাদেশ খেলাফত আন্দোলন | -- | বটগাছ |
| ২০। | ০২১ | বাংলাদেশ মুসলিম লীগ | -- | হারিকেন |
| ২১। | ০২২ | ন্যাশনাল পিপল্‌স পার্টি | এন.পি.পি | আম |
| ২২। | ০২৩ | জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ | -- | খেজুর গাছ |
| ২৩। | ০২৪ | গণফোরাম | গণফোরাম | উদীয়মান সূর্য |
| ২৪। | ০২৫ | গণফ্রন্ট | জি.এফ | মাছ |
| ২৫। | ০২৭ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | বাংলাদেশ ন্যাপ | গাভী |
| ২৬। | ০২৮ | বাংলাদেশ জাতীয় পার্টি | -- | কাঁঠাল |
| ২৭। | ০৩০ | ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ | আই.এফ.বি | চেয়ার |
| ২৮। | ০৩১ | বাংলাদেশ কল্যাণ পার্টি | কল্যাণ পার্টি | হাতঘড়ি |
| ২৯। | ০৩২ | ইসলামী ঐক্যজোট | আই.ও.জে | মিনার |
| ৩০। | ০৩৩ | বাংলাদেশ খেলাফত মজলিস | -- | রিক্সা |
| ৩১। | ০৩৪ | ইসলামী আন্দোলন বাংলাদেশ | -- | হাতপাখা |
| ৩২। | ০৩৫ | বাংলাদেশ ইসলামী ফ্রন্ট | B I F | মোমবাতি |
| ৩৩। | ০৩৭ | বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | কোদাল |
| ৩৪। | ০৩৮ | খেলাফত মজলিস | -- | দেওয়াল ঘড়ি |
| ৩৫। | ০৪০ | বাংলাদেশ মুসলিম লীগ | বিএমএল | হাত (পাঞ্জা) |
| ৩৬। | ০৪১ | বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট | মুক্তিজোট | ছড়ি |
| ৩৭। | ০৪২ | বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট-বিএনএফ | বিএনএফ | টেলিভিশন |
| ৩৮। | ০৪৩ | জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন | এনডিএম | সিংহ |
| ৩৯। | ০৪৪ | বাংলাদেশ কংগ্রেস | কংগ্রেস | ডাব |
| ৪০। | ০৪৫ | তৃণমূল বিএনপি | -- | সোনালী আঁশ |

| ক্রমিক নং | নিবন্ধন নম্বর | রাজনৈতিক দলের পূর্ণ নাম | দলের সংক্ষিপ্ত নাম (যদি থাকে) | সংরক্ষিত প্রতীক |
|---|---|---|---|---|
| ৪১। | ০৪৬ | ইনসানিয়াত বিপ্লব, বাংলাদেশ | ইনসানিয়াত | আপেল |
| ৪২। | ০৪৭ | বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল | বাংলাদেশ জাসদ | মটরগাড়ি (কার) |
| ৪৩। | ০৪৮ | বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন | বি এন এম | নোঙ্গর |
| ৪৪। | ০৪৯ | বাংলাদেশ সুপ্রিম পার্টি | বি.এস.পি | একতারা |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd